



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬২

সরকার সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাসী

--- খাদ্যমন্ত্রী

রাজশাহী; ২০ আশ্বিন (০৫ অক্টোবর):

হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গা পূজার শেষ দিনে নওগাঁর নিয়ামতপুর উপজেলার বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার।

বুধবার (৫ অক্টোবর) সকাল ১০টা থেকে দুপুর পর্যন্ত উপজেলার হাজিনগর ইউনিয়নের বিভিন্ন পূজামন্ডপ পরিদর্শন করেন মন্ত্রী।

এসময় মন্ত্রী পূজা কমিটি ও পূজায় আগত দর্শনার্থীদের সাথে কুশল বিনিময় ও পূজার সার্বিক খোঁজ খবর নেন।

কুশল বিনিময়কালে খাদ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। সবাইকে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখতে হবে। বর্তমান সরকার সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাসী।

তিনি বলেন, ধর্ম যার যার, উৎসব সবার। সরকার সাম্প্রদায়িক সম্প্রীতিতে বিশ্বাসী বলেই সব ধর্মের কল্যাণে কাজ করছেন।

এসময় হাজিনগর মন্দির কমিটির সভাপতি বিভূতি ভূষণ, জীবন মজুমদারসহ স্থানীয় নেতাকর্মীগণ উপস্থিত ছিলেন।

এর আগে মন্ত্রী দুর্গা পূজা উপলক্ষ্যে দরিদ্র-অসহায় মানুষের মাঝে বস্ত্র বিতরণ করেন।

.....
সিকান্দার/রোকন/হালিম/২০২২/১৫.৩০ঘ.